ডিসেম্বর ২০২২

ফলিত পুষ্টি বার্তা

বারটানে এসডিজি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ডিসেম্বরে ফলিত পুষ্টি বিষয়ে ১৯৭৯ জনকে প্রশিক্ষণ

৫১তম বিজয় দিবস উদযাপনে বারটানে নানা আয়োজন

বারটানের ধ্যানজ্ঞান, উন্নয়ন করা পুষ্টিমান

কিশোরীদের মাঝে পুষ্টি শিক্ষার প্রভাব

আজকের কিশোরী আগামী দিনের মা এবং ভবিষ্যৎ জাতি তাদের উপর নির্ভরশীল তাই কিশোরীদের পুষ্টি বিষয়টি অতি গুরুত্বপূর্ণ।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

কৃষি মন্ত্রণালয়

সম্পাদনা পরিষদ

প্রধান উপদেষ্টা

মো: আবদুল ওয়াদুদ, নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বারটান

নির্বাহী সম্পাদক

মো: খোরশেদ আলম এনডিসি (যুগ্মসচিব), পরিচালক, বারটান

কনটেন্ট ডেভেলপমেন্ট

সৈয়দ সাব্বির আহমেদ
জনসংযোগ কর্মকর্তা, বারটান

বারটান সম্পর্কে আরো জানতে অনুসরণ করুন ফেসবুক, ইউটিউব,ইনস্টাগ্রামসহ জনপ্রিয় সকল সোশাল মিডিয়া মাধ্যমগুলোতে

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
কৃষি মন্ত্রণালয়

বারটানে এসডিজি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ফলিত পুষ্টি বার্তা ডেস্ক

বারটান প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে "খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG Goal 2) পর্যালোচনা শীর্ষক কর্মশালা। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়।

কর্মশালায় বিস্তারিত উপস্থাপনায় বারটানের বিস্তারিত বিষয়সমূহ উপস্থাপন করেন বারটানের নির্বাহী পরিচালক মো: আব্দুল ওয়াদুদ (অতিরিক্ত সচিব)। বারটানের গবেষণা ও প্রশিক্ষণের তথ্য তিনি কর্মশালায় উপস্থাপন করেন।

তিনি বলেন, সংবিধানে বর্ণিত রাষ্ট্রের প্রাথমিক কর্তব্য হিসেবে নির্ধারিত আছে জনগণের পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণ। বারটান বাংলাদেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নে নিয়মিত কাজ করে যাচ্ছে।

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: রুহুল আমিন বলেন, কৃষি মন্ত্রণালয়ের প্রতিষ্ঠান হিসেবে বারটানকে পুষ্টি সংবেদনশীল কৃষি নীতি বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। এ জন্য প্রয়োজনীয় অর্থ সংস্থান ও কারিগরি সহায়তা সরকার ও দাতা সংস্থাগুলো প্রদান করবে।

“সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সচিব”

কৃষি সচিব মো: সায়েদুল ইসলাম বলেন, বিগত কয়েক বছরে বারটানের কাজগুলো আরো দৃশ্যমান হচ্ছে। মেঘনা নদীর তীরে নৈসর্গিক পরিবেশে অবস্থিত বারটানের প্রধান কার্যালয়ে থাকা সর্বাধুনিক সুবিধা সংবলিত গবেষণাগার ও অবকাঠামোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। বারটানের প্রয়োজনীয় জনবল নিয়োগ করে কার্যক্রম আরো গতিশীল করতে হবে।

কর্মশালায় গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক, জাতীয় পুষ্টি পরিষদ এর মহাপরিচালক, গ্লোবাল অ্যালায়েন্স ফর ইমপ্রুভড নিউট্রিশন (GAIN) এর কান্ট্রি ডিরেক্টর, নিউট্রিশন ইন্টারন্যাশনালের কান্ট্রি ডিরেক্টর সহ পুষ্টি নিয়ে কাজ করা সরকারি বেসরকারি অংশীজনেরা উপস্থিত ছিলেন।

কিশোরীদের মাঝে পুষ্টি শিক্ষার প্রভাব

ড. মো: আব্দুর রাজ্জাক

বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য মতে, কিশোরী বলতে ১০-১৯ বছরকালীন সময়কে বুঝায় যখন শারীরিক, মানসিক এবং আবেগীয় দ্রুত পরিবর্তন ঘটে এবং শরীরের সঠিক বৃদ্ধির জন্য একটু বেশী পুষ্টির প্রয়োজন হয়। দক্ষিণ পূর্ব এশিয়ায় মোট জনসংখ্যার ১৮-২৫% কিশোরী। কিশোরীর বয়স হচ্ছে এমন একটি দ্রুত বর্ধনশীল বয়স যখন ৪৫% Skeletal বৃদ্ধি, ৩৭% Bone mass বৃদ্ধি এবং ১৫-২৫% Adult height অর্জিত হয়। পক্ষান্তরে, আজকের কিশোরী আগামী দিনের মা এবং ভবিষ্যৎ জাতি তাদের উপর নির্ভরশীল তাই কিশোরীদের পুষ্টি বিষয়টি অতি গুরুত্বপূর্ণ।

শিশু পুষ্টি আইন ১৯৬৬ এর মতে, পুষ্টি শিক্ষা হচ্ছে একক বা দলীয় আলোচনা যেখানে সঠিক খাদ্যাভ্যাস এর মাধ্যমে এবং ব্যক্তির ব্যক্তিত্ব, সংস্কৃতি এবং ও আর্থসামাজিক বিবেচনায় স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে আলাপ আলোচনার মাধ্যমে শারীরিক উন্নতিকে প্রাধান্য দেয়া হয়।

বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে কিশোরী মেয়েদের স্বাস্থ্য ঝুঁকিপূর্ণ কারণ হিসাবে বলা যায় তাদের দুর্বল শারীরিক অবস্থা, বাল্যবিবাহ, পুষ্টি জ্ঞানের অভাব এবং নিম্ন খাদ্যাভ্যাস। অপুষ্টি বলতে অতিপুষ্টি (স্থূলতা) এবং পুষ্টি ঘাটতি দুটোই বোঝায়। কিন্তু সাধারণভাবে অপুষ্টি বলতে বিভিন্ন ধরণের পুষ্টি ঘাটতিকেই বোঝানো হয়ে থাকে। সমপ্রতি বাংলাদেশেও বিশেষত শহরাঞ্চলে পুষ্টি ঘাটতির পাশাপাশি অতিপুষ্টি বা স্থূলতাও কিশোরীদের মাঝে উল্লেখযোগ্যভাবে পরিলক্ষিত হচ্ছে। অপুষ্টি শুধু তাদের শারীরিক সক্ষমতাকে ব্যাহত করে না, তাদের প্রজনন স্বাস্থ্যেরও ক্ষতি করে থাকে। FSNSP, ২০১৩ অনুসারে ইগও (ওজন উচ্চতার দেহের ভরসূচী) এর উপর ভিত্তি করে বাংলাদেশে কিশোরীদের অপুষ্টির অবস্থা হচ্ছে : মৃদু কৃষ্ণকায় ৩০%, মাঝারী কৃষ্ণকায় ১০% ও তীব্র কৃষ্ণকায় ২%। এছাড়াও কিশোরীদের আয়রন ঘাটতির (হিমোগ্লোবিন <১২g/dL) হার ২৫-২৭% (Ahmed et.al., 2005-2000)।

এই বয়সে পর্যাপ্ত পুষ্টিজ্ঞান, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং শারীরিক ব্যায়াম বয়সকালে সুঠাম দেহ গঠনের ভিত্তি হিসাবে কাজ করে। তাই কিশোরীদের সঠিক পুষ্টি শিক্ষার বিষয়টি খুবই তাৎপর্যপূর্ণ। পুষ্টি শিক্ষা পুষ্টি জ্ঞান বৃদ্ধিতে ১.৬৭ গুন বেশী কার্যকর। পুষ্টি শিক্ষা অধিক কার্যকর হয় যখন এটি শুধু শিক্ষাতত্ত্বের এর উপর গুরুত্বরোপ না করে কিশোরীদের আচরণ এবং কর্মের উপর অধিক জোর দেওয়া হয়। এছাড়াও গবেষণায় দেখা যায় যে, পুষ্টি শিক্ষা শুধু রক্তস্বল্পতা, মৃদু খর্বকায় ও তীব্র/ মাঝারী কৃশকায়কে (Wasting) হ্রাস করে না এটি স্বাস্থ্য এবং পুষ্টি সম্পর্কিত ভাল আচরণ, দৃষ্টিভঙ্গি এবং অভ্যাসের ক্ষেত্রেও ইতিবাচক পরিবর্তন করে।

কিশোরীদের পুষ্টির অবস্থা উন্নিতকরনের জন্য বেশি করে পুষ্টিকর ও সুষম খাবার খেতে হবে । সুষম খাদ্য হচ্ছে যে খাবারের মধ্যে মানুষের শরীরের ক্ষয় পুরণ, বৃদ্ধি সাধন, শক্তির যোগান এবং রোগ প্রতিরোধের জন্য প্রয়োজনীয় সকল পুষ্টি উপাদান সঠিক পরিমাণে বিদ্যমান থাকে, যেমন - সব্জী খিঁচুড়ী।

কৈশোরের সময় শক্তি, প্রোটিন, ক্যালসিয়াম ও আয়রন নামক পুষ্টি উপাদানসমূহ খাদ্য তালিকায় বৃদ্ধি করা প্রয়োজন। কিশোরীদের খাদ্য তালিকার সুপারিশমালা (RDA) নিম্নরুপ:

	১০-১২ (বছর)	১৩-১৫ (বছর)	১৫-১৮ (বছর)
শক্তি (কি.ক্যালরি)	২০০০	২১০০	২১০০
প্রোটিন (গ্রাম)	৫৭	৬৫	৬৩
ক্যালসিয়াম (মি:গ্রা:)	৬০০	৬০০	৫০০
আয়রন (মি:গ্রা:)	১৯	২৮	৩০

শক্তিদায়ক খাদ্যসমূহ:

খাদ্যশস্য	মূল ও কন্দ	তেল/চর্বি/স্নেহ
চাল(ভাত, আটা, পিঠা,মুড়ি, চিড়া ইত্যাদি)	গোল আলু , মিষ্টি আলু , মেটে আলু	তেল
গম (রুটি, আটা, ময়দা , সুজি ইত্যাদি)	শালগম	ঘি, মাখন
ভুট্টা	বীচি	নারিকেল

বৃদ্ধিকারক খাদ্যসমূহ:

ডাল ও শুটি	বাদাম ও তেলবীজ	দুধ ও দুগ্ধজাত খাদ্য	মাংস/মাছ
মুগ, মসুর, খেসারী, অরহর	চীনাবাদাম	দুধ, মাখন	গরু, খাসী
মাষকলাই	পেস্তাবাদাম	দৈ	মুরগী, ডিম
মটর শুটি	কাজুবাদাম	পনির	মাছ

এছাড়াও অনান্য পুষ্টি উপাদানসমূহ নিম্নোক্ত দেশীয় ফলসমূহেও বিভিন্ন পরিমাণে পাওয়া যায়। যথা- কলা, লিচু, লেবু, জাম, বেল, কমলা, আনারস, আমড়া, পেঁপে, পেয়ারা, স্ট্রবেরী, তরমুজ প্রভৃতিতে। উল্লেখিত পুষ্টি উপাদানসমূহ কিশোরীদের জন্য অত্যাবশকীয়। যা পুষ্টি শিক্ষার মাধ্যমে সহজে প্রদান করে সচেতনতা বৃদ্ধি করা যায়।

WHO, UNFPA, UNICEF সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কিশোরীদের জ্ঞান, দক্ষতা, পরামর্শ এবং প্রজনন স্বাস্থ্য সেবা তাদের আলোচ্য কর্মসূচির অন্তর্ভুক্ত করেছে। সম্প্রতি কৃষি মন্ত্রনালয়ের অধীন বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

তার গবেষণার কার্যক্রমে কিশোরীদের খাদ্যাভাস ও পুষ্টিগত মান নির্ণয় নিয়েও বিভিন্ন অঞ্চলে গবেষণার কাজ শুরু করেছে।

পুষ্টি শিক্ষার মাধ্যমে কিশোরীদের পুষ্টি অবস্থা, স্বাস্থ্য সম্পর্কিত আচরণ, পুষ্টি জ্ঞান, স্বাস্থ্যসম্মত পয়ঃনিষ্কাষণ এবং খাদ্য বৈচিত্রতার ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন দেখা যায়। পাশাপাশি উক্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধি করে আয়রন সমৃদ্ধ খাবার ও আয়রন ট্যাবলেট খাওয়ানোর হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করা সম্ভব। যা কিশোরীদের রক্তস্বল্পতা ও অপুষ্টিকে হ্রাস করতে সহায়ক ভূমিকা পালন করে। কিশোরীদের সঠিক পুষ্টি ও সুস্বাস্থ্য নিশ্চিত করার জন্য একজন প্রাপ্ত বয়স্ক মহিলার চাহিদার সমপরিমান খাবারই এদেরকে দিতে হবে পাশাপাশি অবশ্যই লৌহ জাতীয় প্রাণীজ বা উদ্ভিজ খাবারের সাথে ভিটামিন সি সমৃদ্ধ খাবার বেশি করে খাওয়াতে হবে।

কিশোরীদের জন্য নিম্নবর্ণিত সেবার প্রয়োজনীয় সুপারিশমালাঃ

- **স্কুল বা কমিউনিটি পর্যায়ে পুষ্টি ক্লাব গঠনের মাধ্যমে কাউন্সিলিং/ পরামর্শ (পুষ্টি শিক্ষা)**
- **বয়স অনুযায়ী পরিবীক্ষণ/ওজন উচ্চতার দেহের ভরসূচী**
- **অনুপুষ্টি সম্পূরণ (আয়রন)**
- **ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা**
- **কৃমি মুক্তকরণ**
- **বসত বাড়ির আঙিনায় সবজি বাগানে উদ্বুদ্ধকরণ ।**

লেখক: উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ

ডিসেম্বরে ফলিত পুষ্টি বিষয়ে ১৯৭৯ জনকে প্রশিক্ষণ

ফলিত পুষ্টি বার্তা ডেস্ক

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) দেশের জনগণের পুষ্টিস্তর উন্নয়নের লক্ষ্যে সারা দেশব্যাপী বিভিন্ন খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করে থাকে।

০৩ (তিন) দিনব্যাপী পুষ্টি বিষয়ক সচেতনমূলক প্রশিক্ষণ বিভিন্ন জেলা/উপজেলায় অবস্থিত বিভিন্ন প্রতিষ্ঠানের (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, শিক্ষা বিভাগ, স্থানীয় সরকার মন্ত্রণালয়, পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় -এর দপ্তরসমূহ ইত্যাদি) সাথে সম্মিলিতভাবে

		সিলেট (বিশ্বনাথ)	১৩-১৫ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৬০ জন
		শেরপুর (নকলা)	১৩-১৫ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা	৬০ জন
		বরিশাল (সদর)	১৩-১৫ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, বরিশাল	৬০ জন
		ঝিনাইদহ (সদর)	১৩-১৫ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ	৬০ জন
		কুমিল্লা (মুরাদনগর)	২০-২২ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী	৬০ জন
		বরিশাল (সদর)	২৬-২৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, বরিশাল	৬০ জন
				মোটঃ	৮৪০ জন

দিনব্যাপী প্রশিক্ষণের চিত্র

প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণ বাস্তবায়নের স্থান	প্রশিক্ষণের তারিখ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ে	১ দিন	মাদারীপুর (কালকিনি)	০৮ ডিসেম্বর ২০২২	প্রধান কার্যালয়, নারায়ণগঞ্জ	৩০ জন
		টাঙ্গাইল (ভূঞাপুর)	০৮ ডিসেম্বর ২০২২	প্রধান কার্যালয়, নারায়ণগঞ্জ	৩০ জন
		বরিশাল (সদর)	০৭ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, বরিশাল	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১২ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১২ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন
		ঝিনাইদহ (সদর)	১২ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ	৩০ জন
		ঝিনাইদহ (সদর)	১২ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১৩ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১৩ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১৪ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১৪ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন

		সুনামগঞ্জ (সদর)	১৪ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১৫ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন
		সিরাজগঞ্জ (সদর)	১৫ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ	৩০ জন
		নেত্রকোনা (সদর)	১৫ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা	৩০ জন
		ময়মনসিংহ (তারাকান্দা)	১৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা	৩০ জন
		ঝিনাইদহ (সদর)	১৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ	৩০ জন
		বরিশাল (সদর)	১৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, বরিশাল	৩০ জন
		নারায়ণগঞ্জ (আড়াইহাজার)	১৯ ডিসেম্বর ২০২২	প্রধান কার্যালয়, নারায়ণগঞ্জ	৩০ জন
		নারায়ণগঞ্জ (আড়াইহাজার)	১৯ ডিসেম্বর ২০২২	প্রধান কার্যালয়, নারায়ণগঞ্জ	৩০ জন
		সুনামগঞ্জ (সদর)	১৯ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৩০ জন
		রংপুর (সদর)	১৯ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, রংপুর	৩০ জন
		নেত্রকোনা (সদর)	১৯ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা	৩০ জন
		নেত্রকোনা (সদর)	২০ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা	৩০ জন
		রংপুর (সদর)	২০ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, রংপুর	৩০ জন
		সুনামগঞ্জ (সদর)	২০ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৩০ জন
		সুনামগঞ্জ (সদর)	২১ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৩০ জন
		প্রধান কার্যালয়	২১ ডিসেম্বর ২০২২	প্রধান কার্যালয়, নারায়ণগঞ্জ	২৯ জন
		সুনামগঞ্জ (সদর)	২২ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৩০ জন

		নোয়াখালী (হাতিয়া)	২৭ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী	৩০ জন
		সুনামগঞ্জ (সদর)	২৭ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৩০ জন
		ঝিনাইদহ (সদর)	২৭ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ	৩০ জন
		সুনামগঞ্জ (সদর)	২৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ	৩০ জন
		নোয়াখালী (হাতিয়া)	২৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী	৩০ জন
		ঝিনাইদহ (সদর)	২৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ	৩০ জন
		ময়মনসিংহ (সদর)	২৮ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা	৩০ জন
		নেত্রকোনা (সদর)	২৯ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, নেত্রকোনা	৩০ জন
		ঝিনাইদহ (সদর)	২৯ ডিসেম্বর ২০২২	আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ	৩০ জন
				মোটঃ	১১৩৯ জন

কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে মানবসম্পদ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন

ফলিত পুষ্টি বার্তা ডেস্ক

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) প্রধান কার্যালয়সহ ০৭ টি আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের আয়োজিত 'মানব সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

২৬ ডিসেম্বর আয়োজিত এই প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন অত্র প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক জনাব মো আব্দুল ওয়াদুদ (অতিরিক্ত সচিব), পরিচালক জনাব মো খোরশেদ আলম (যুগ্ম সচিব) এবং প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জ্যোতি লাল বড়ুয়া মহোদয়।

দিনব্যাপী আয়োজিত এই প্রশিক্ষণে অফিস ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয় নিয়ে সেশন আয়োজন করা হয়। বারটানের নির্বাহী পরিচালক প্রশিক্ষণের উদ্বোধন করেন।প্রশিক্ষণ কোর্সটি পরিচালনা করেন জনাব ফারজানা রহমান ভূঞা, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এবং সমন্বয় করেন সুলতানা পারভীন মুক্তা, প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা, বারটান।

৫১তম বিজয় দিবস পালনে বারটানে নানা আয়োজন

ফলিত পুষ্টি বার্তা ডেস্ক

যথাযোগ্য মর্যাদা, উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে বিজয় দিবস পালিত হয়েছে। ৫১তম বিজয় দিবস পালনের লক্ষ্যে বারটানের পক্ষ হতে ব্যাপক কর্মসূচি নেয়া হয়।

বিজয় দিবস উপলক্ষে প্রধান কার্যালয় সহ ০৭ আঞ্চলিক কার্যালয়ে লাল-সবুজ বাতিতে আলোকসজ্জা করা হয়।বিজয় দিবসের ভোরে বারটানের নির্বাহী পরিচালক মো আব্দুল ওয়াদুদ (অতিরিক্ত সচিব) এর নেতৃত্বে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে বিজয় দিবস উদযাপন কর্মসূচি শুরু হয়। ০৭ আঞ্চলিক কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলনের পাশাপাশি নিজ নিজ অধিক্ষেত্রের জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেয় কর্মকর্তা/কর্মচারীগণ।

সকাল ১১টায় মো আব্দুল ওয়াদুদ (অতিরিক্ত সচিব)এর সভাপতিত্বে বিজয় দিবস উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার শীর্ষক আলোচনা সভায় বারটানের কর্মকর্তা/কর্মচারীগণ দেশের পুষ্টিস্তর উন্নয়নে সর্বোচ্চ অবদান রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া আয়োজন করা হয়।